

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৮৯

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

بَابُ الْإِيمَانِ بِالْقَدَرِ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو بْنِ الْعَاصِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَقُولُ إِنَّ قُلُوبَ بَنِي آدَمَ كُلَّهَا بَيْنَ أَصْبَعِ الرَّحْمَنِ كَقَلْبٍ وَاحِدٍ يَصْرِفُهُ حَيْثُ يَشَاءُ ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ مُصَرِّفَ الْقُلُوبِ صَرَّفَ قُلُوبَنَا عَلَى طَاعَتِكَ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৮৯-[১১] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সমস্ত অন্তর আল্লাহর আঙ্গুলসমূহের দুই আঙ্গুলের মধ্যে একটি অন্তরের ন্যায় অবস্থিত। তিনি নিজের আঙ্গুলগুলোর দ্বারা তা যেভাবে ইচ্ছা ঘুরিয়ে থাকেন। অতঃপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "হে অন্তরসমূহের পরিবর্তনকারী আল্লাহ! আমাদের অন্তরকে তোমার 'ইবাদাত ও আনুগত্যের দিকে ঘুরিয়ে দাও।" (মুসলিম)[১]

English

Chapter: Belief in the Divine Decree - Section 1

'Abdallah b. 'Amr reported God's messenger as saying, "The hearts of all men are between two of the Compassionate's fingers as if they were one heart which He turns about as He wills." Then God's messenger said, "O God, who turnest the hearts, turn our hearts to Thy obedience!"

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৭৯৮, আহমাদ ৬৫৬৯, সহীহাহ্ ১৬৮৯, সহীহ আল জামি' ২১৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَبِينُ إِصْبَعَيْنِ مِنْ أَصَابِعِ الرَّحْمَنِ) এটি আল্লাহর সীফাত অর্থাৎ- গুণবাচক হাদীস। এতে যা বর্ণিত হয়েছে কোন প্রকার ব্যাখ্যা ছাড়াই আমরা তার প্রতি বিশ্বাস স্থাপন করব। এর অর্থ জানার চেষ্টা করবো না। এ বিষয়ে ঈমান আনা ওয়াজিব এবং তার ব্যাখ্যা বিশ্লেষণে লিপ্ত হওয়া থেকে বিরত থাকাও ওয়াজিব। যে তা মেনে নিবে সেই সঠিক পথপ্রাপ্ত। যে তার ব্যাখ্যা বিশ্লেষণে প্রবেশ করবে সে পথভ্রষ্ট।

হাদীসের অর্থ, বান্দার অন্তর পরিবর্তন করা আল্লাহর নিকট অতি সহজ। তিনি তাঁর বান্দাদের অন্তর বা যে কোন বিষয়ে তাঁর ইচ্ছামত নিয়ন্ত্রণ করতে সক্ষম। এ কাজে তাঁর কোন প্রতিবন্ধকতা নেই। আর তিনি যা করতে চান তা তাঁর হাত ছাড়া হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন আমের

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54648>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন